হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

**হাইকোর্ট বিভাগ**

**(ফৌজদারী আপীল অধিক্ষেত্র)**

**উপস্থিতঃ**

**বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামাল**

**ফৌজদারী রুল নং ২৮৪(কন-এ)/ ২০২৩**

মোঃ মোরশেদুল হক মুকিম

-----আপিলকারী-দরখাস্তকারী।

-বনাম-

রাষ্ট্র ও অন্য

------রাষ্ট্র-প্রতিপক্ষ।

এ্যাডভোকেট উপস্থিত নাই

---আপিলকারী-দরখাস্তকারীপক্ষে।

এ্যাডভোকেট মোঃ গিয়াসউদ্দিন আহম্মেদ, ডেপুটি এ্যাটর্নী জেনারেল

সংগে

এ্যাডভোকেট লাকী বেগম, সহকারী এ্যাটনী জেনারেল

এ্যাডভোকেট ফেরদৌসী আক্তার, সহকারী এ্যাটর্নী জেনারেল

-- রাষ্ট্র-প্রতিপক্ষ পক্ষে।

**শুনানী এবং রায় প্রদানের তারিখঃ ০৩.০৩.২০২৪।**

**বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামালঃ**

আপীলকারী-দরখাস্তকারী কর্তৃক তামাদি আইনের ৫ ধারার বিধান মোতাবেক ফৌজদারী আপীল দায়েরে ২৯৫৩ (দুই হাজার নয়শত তেপ্পান্ন) দিন বিলম্ব মওকুফের দরখাস্ত দাখিলের প্রেক্ষিতে অত্র বিভাগ হতে নিম্নবর্ণিতভাবে রুলটি ইস্যু করা হয়েছিলঃ

> "*নথি তলবের প্রয়োজ নাই।*
>
> ২৯৫৩ (দুই হাজার নয়শত তেপ্পান্ন) *দিন বিলম্বে অত্র দরখাস্তটি দায়ের করা হয়। তামাদি আইনের ৫ ধারা মোতাবেক অত্র বিলম্ব কে মওকুফ করা হবে না এবং অত্র আদালত কর্তৃক সঠিক এবং যথাযথ মনে করলে আরও অন্যান্য বা অতিরিক্ত আদেশ বা আদেশসমুহ কেন প্রদান করা হবে না মর্মে প্রতিপক্ষদ্বয়ের প্রতি কারণ দর্শানোপূর্বক রুল জারী করা হল।*
>
> *অদ্যকার তারিখ হতে ১০(দশ) দিনের মধ্যে রুলটি জারী হয়ে ফেরতযোগ্য।*
>
> *অত্র রুলটি নিস্পত্তি না হওয়া পর্যন্ত আসামী-দরখাস্তকারী মোঃ মোরশেদুল হক মুকিম, পিতা-মোঃ ইজাজুল হক-কে বিজ্ঞ বিচারিক আদালত কর্তৃক প্রদত্ত বিগত ইংরেজী ২৩.১০.২০২৩ তারিখের জামিন আদেশটি অত্র রুলটি নিস্পত্তি না হওয়া পর্যন্ত বহাল থাকবে।*

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।
সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | *তলবানা ০২(দুই) ফর্দ ০৩(তিন) কর্ম দিবসের মধ্যে যার ০১(এক) ফর্দ রেজিষ্ট্রি ডাকাযোগে এবং অন্য ফর্দ স্বাভাবিক নিয়মে দাখিল করার জন্য দরখাস্তকারীকে নির্দেশ প্রদান করা হলো। ”* |

গুরুত্বপূর্ণ বিধায় দরখাস্তকারী কর্তৃক দাখিলকৃত তামাদি আইনের ধারা ৫ এর দরখাস্তটির প্যারা ১-৮ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ

1. *That this criminal appeal is preferred by the convict-appellant-petitioner against the judgment and order dated 01.09.2015 passed by learned Additional Sessions Judge, 3rd Court Jessore in Sessions Case No. 877 of 2014 arising out of C.R. Case No. 96 of 2014, convicting the convict-appellant under section 138 of Negotiable Instruments Act, 1881 and sentencing him to suffer simple imprisonment for 1(one) year and to pay a fine of Tk. 8,40,000/-(Eight Lacs and Forty Thousands) taka only with an observation that the imprisonment shall start from date of his arrest by the police or sufrrender of the convict-appellant before the court for serving out the sentence.*

2. *That it is stated that while the above Criminal Appeal was presented before the office of the Hon'ble Court on 28th November, 2023 the Stamp Reporter made a note on the body of the instant Appeal that "This Appeal u/s Cr. P.C. has been filed on 28.11.2023. It is out of time by 2953 days delay in respect of order dated 01.09.2015."*

3. *That it is most humbly submitted that on 23.10.2023 the convict-appellant could managed the amount required for appeal and deposited Tk. 2,10,000/-(Two lacs and ten thousands) taka (i.e. half of the cheque amount) through challan and surrendered before leanred Additional Sessions Judge, 3rd Court, Jessore on 23.10.2023 and submitted an application praying for grant of mercy in the form of enlarging him on bail in order to provide to him an opportunity of*

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | preferring an appeal before this Hon'ble court as against the impugned judgment and order of conviction and sentence and learned court was kind enough to grant him the privilege of bail for limited period till 30.11.2023, vide order dated 23.10.2023, on furnishing a bail by one lawyer and one local surety and thus the learned Additional Sessions Judge, 3rd Court, Jessore kindly provided to the convict-appellant an opportunity of preferring appeal before this Hon'ble Court and the petitioner did not misuse the previledges of bail and hence the delay may be condoned by way of showing marcy.<br><br>4. That the petitioner's learned advocate at Dhaka having received the certified copy of the impugned order along with other necessary papers started drafting and preparing the required criminal appeal and completed typing of the same and finally prepared the instant criminal appeal till 27.11.2023 and presented the same to the office of the Hon'ble Court on 28.11.2023 and thus a delay of 2953 days occurred due to reasons/causes beyond the control of the petitioner, but not for any intentional fault or latches on the part of the petitioner.<br><br>5. That from the statement made in paragraph 3-4 above, it is apparent that time from 01.09.2015 (date of pronouncement of impugned order) to 28.11.2023 was spent as the petitioner could not know the procedure as his engaged learned advocate, due to inadvertent or mistake, did not inform the petitioner the procedure of case and if he could know the procedure of case; that time he would approach.<br><br>6. That it is submitted that the delay of 2953 days in filing this Criminal Appeal has been caused not for any intentional or wilful fault or latches on the part of the Appellant-petitioner or his tadbirkar or his learned advocate or the cleark of his learned advocate, but for unavoidable circumstances/causes and reasons beyond the control of the appellant-petitioner. |

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | 7. *That it is submitted that in the event of not condoning the delay of 2953 days in filing this instant criminal appeal, the appellant-petitioner shall be deprived of his legal right of getting justice from this Hon'ble Court for no fault of his own, but for causes or reasons beyond his control, though the complainant-petitioner has very good grounds for getting his desired relief in this instant Criminal Appeal involving most vital law points. Further in the event of not condoning the aforesaid delay of 2953 days in presenting the instant Criminal Appeal, the present appellant-petitioner shall suffer irreparable loss and injury which loss and injury shall never be recovereable in future in any way, though he was prevented by sufficient cause from preferring this Criminal Appeal in time.*<br><br>8. *That it is most humbly submitted that in the event of not condoning delay of 2953 days in presenting the instant criminal revision application, the appellant-petitioner haiving good ground for getting his desired relief would be deprived of his legal right of getting a judicial verdict from the higher judiciary upon ventilating her causes of grievances before the Hon'ble Court.*<br><br>অত্র তামাদির দরখাস্ত পর্যালোচনা করলাম। আমি সাজাপ্রাপ্ত-আপীলকারী পক্ষের বিজ্ঞ এ্যাডভোকেট এর তামাদি দরখাস্তের সারবত্তা পাই। বর্তমান মোকদ্দমায় তামাদি আইনের ৫ ধারার দরখাস্তটি যথেষ্ট যুক্তিযুক্ত এবং এর ব্যাখ্যা সন্তোষজনক। উপরিল্লিখিত অবস্থাধীনে রুলটি চূড়ান্তযোগ্য।<br><br>অতএব, আদেশ হয় যে, অত্র রুলটি বিনা খরচায় চুড়ান্ত করা হলো।<br><br>সাজাপ্রাপ্ত-আপীলকারী ফৌজদারী কার্যবিধির ১০ ধারায় ফৌজদারী আপীল দাখিলে ২৯৫৩ (দুই হাজার নয়শত তেপ্পান্ন) দিন বিলম্ব মওকুফ করা হলো।<br><br>অত্র আপীলটি আইন মোতাবেক রেজিস্ট্রিভূক্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ প্রদান করা হলো।<br><br>(বিচারপতি মোঃ আশরাফুল কামাল) |


গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।